

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫-১৪৬

তারিখঃ ০৩ বৈশাখ ১৪২৪
১৬ এপ্রিল ২০১৭


বিষয়ঃ পূর্বানুমোদিত বেসরকারি নার্সিং ইনস্টিটিউটের মেয়াদ / আসন বৃদ্ধির অনুমোদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৬-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির সভার সুপারিশ অনুসরণে পূর্বানুমোদিত নিম্নোক্ত বেসরকারি নার্সিং ইনস্টিটিউট এর ইতোপূর্বে অনুমোদিত আসন সংখ্যা ও মেয়াদ বৃদ্ধির অনুমোদন বর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র:নং	প্রতিষ্ঠানের নাম	শিক্ষাবর্ষ	আসন সংখ্যা
১.	মুনু নার্সিং ইনস্টিটিউট, মানিকগঞ্জ।	২০১৬-১৭ শিক্ষাবর্ষ।	বিদ্যমান ৪০ টি আসনের সাথে আরও ১০ টি আসন বৃদ্ধি করে সর্বমোট ৫০ (পঞ্চাশ) টি আসনে উন্নীত।

শর্তাবলীঃ

১. পূর্বে প্রদত্ত শর্তাবলী বহাল থাকবে।
 ২. প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা ০৭ টি ল্যাব সুসজ্জিত করতে হবে।
 ৩. নার্সিং ইনস্টিটিউটের কম্পিউটারের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
 ৪. লাইব্রেরীতে নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, জার্নাল, পত্রিকা বৃদ্ধি করতঃ আরও সুসজ্জিত করতে হবে।
 ৫. ছাত্রী হোস্টেলে প্রয়োজনীয় উপকরনাদি, আসবাবপত্র, চেয়ার, টেবিল, ট্রেসিং টেবিল, টিভি রুমে চেয়ার বৃদ্ধি করতে হবে।
 ৬. সংশ্লিষ্ট হাসপাতাল ও ইনস্টিটিউটে কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন করতে হবে।
 ৭. দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে।
 ৮. বরাদ্দকৃত আসনের ২০% এর বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
- এ ছাড়াও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নার্সিং শাখার ১০-০৯-২০১৪ তারিখের ৪৮৫ নম্বর স্মারকে জারীকৃত নীতিমালা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- ২। ছাত্র-ছাত্রী ভর্তির পর বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্ধারিত ফি প্রদানপূর্বক উক্ত কাউন্সিলের নিবন্ধন ও অধিভুক্তি গ্রহণ/নবায়ন করতে হবে।



(মো: আবদুল মান্নান)
সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ

.....নার্সিং ইনস্টিটিউট, মানিকগঞ্জ।
.....।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিভিল সার্জন, -----।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রম গ্রহণসহ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ আবদুল মান্নান)
সহকারী সচিব